দৈনিক সংবাদ

তারিখ ........

পৃষ্ঠা ৬ কলাম ৩

NOV. 17 2002

# নকলপ্রবণ পরীক্ষাকেন্দ্র সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয় কঠোর সিদ্ধান্ত নিচ্ছে

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক ঃ নকলপ্রবণ পরীক্ষাকেন্দ্রগুলো সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয় কঠোর সিদ্ধান্ত নিতে যাচ্ছে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে। শিক্ষা মন্ত্রণালয় এসব পরীক্ষা কেন্দ্রের তালিকা পাঠানোর জন্য শিক্ষাবোর্ডগুলোকে নির্দেশ দিয়েছে।

২৬শে অক্টোবর শিক্ষা মন্ত্রণালয়ে এ সম্পর্কিত এক সভা অনুষ্ঠিত হয়। ২৯শে অক্টোবর শিক্ষা সচিবের সইকৃত সভার সিদ্ধান্ত সম্পর্কিত চিঠি সম্প্রতি বরিশালসহ বিভিন্ন শিক্ষাবোর্ড পেয়েছে। চিঠিতে গতবছর যেসব পরীক্ষা কেন্দ্রে ব্যাপক নকলবাজি হয়েছে, সেসব কেন্দ্রের তালিকা ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে পাঠাতে বলা হয়েছে।

এছাড়া নকলপ্রবণ কেন্দ্রগুলোতে আগামীতে অতিরিক্ত পুলিশ ফোর্স, বিডিআর ও ম্যাজিস্ট্রেট নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেয়া হয়েছে।

বরিশাল শিক্ষাবোর্ড সূত্র থেকে জানা যায়, বরিশাল জেলার গৌরনদী, আগৈলঝারা, পরিকল, ঝালকাঠি জেলার ঝালকাঠি, নলছিটি, রাজাপুর, কাঠালিয়া, আমুয়া এবং ভোলা জেলার বোরহানউদ্দিন কেন্দ্রে গতবছর ব্যাপক নকল হয়েছে।